কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ভর্তি চলছে
মাধ্যমিক
উচ্চমাধ্যমিক
HALDAR GROUP
সোনারপুর | www.haldargroup.org
7439028998

বর্ষ ৪৩ সংখ্যা ৩৩ কলকাতা বুধবার, ১৫ মার্চ ২০২৩/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৩০ ফাল্গুন ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

## কেন্দ্রীয় সরকারে ৫৩৬৯ চাকরি

### যে-কোনও রিজিয়নের শূন্যপদেই আবেদন করতে পারেন। ইস্টার্ন রিজিয়নে শূন্যপদ ৩৩১টি

বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রক, দপ্তর ও সংস্থায় ৫,৩৬৯ জন কর্মী নিয়োগ করা হবে। দেশের বিভিন্ন রিজিয়নে নিয়োগ করা হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট, গার্ল ক্যাডেট ইনস্ট্রাক্টর-সহ বিবিধ পদে। যে-কোনও রিজিয়নের শূন্যপদেই আবেদন করতে পারেন। এখানে ইস্টার্ন রিজিয়নের জন্য নির্দিষ্ট ৩৩১টি শূন্যপদের বিষয়ে জানানো হল। প্রার্থী বাছাইয়ের দায়িত্বে রয়েছে স্টাফ সিলেকশন কমিশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Phase-XI/2023/Selection Posts.

শূন্যপদের বিন্যাস: ইস্টার্ন রিজিয়ন: পোস্ট কোড ER10123: আয়া: শূন্যপদ ৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কেন্দ্রীয় স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব হাইজিন অ্যান্ড পাবলিক হেলথে।

পোস্ট কোড ER10723: বোটানিক্যাল অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ ৩টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা উচ্চতর। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের অধীনস্থ বোটানিক্যাল সার্ভে অব ইন্ডিয়া এবং ইন্ডিয়ান মিউজিয়ামের ইন্ডাস্ট্রিয়াল সেকশনে।

পোস্ট কোড ER10823: লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ ৪টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা উচ্চতর। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের অধীনস্থ বোটানিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER10923: প্রিজারভেশন অ্যাসিস্ট্যান্ট-কাম-গার্ডেন ওভারসিয়ার: শূন্যপদ ৬টি।

এরপর ছয়ের পাতায়

## গেইল গ্যাসে ১১৮

### জুনিয়র ও সিনিয়র অ্যাসোসিয়েট

১১৮ জন সিনিয়র অ্যাসোসিয়েট ও জুনিয়র অ্যাসোসিয়েট নেবে গেইল গ্যাস লিমিটেড। নিয়োগ করা হবে হিউম্যান রিসোর্স, ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস, টেকনিক্যাল-সহ বিভিন্ন শাখায়। প্রাথমিক ভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ ২ বছর পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GAIL Gas/OPEN/RECTT.-FTE/1/2023.

শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: সিনিয়র অ্যাসোসিয়েট: টেকনিক্যাল: ৭২টি (সাধারণ ৩১, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা মেকানিক্যাল বা প্রোডাকশন বা প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ম্যানুফ্যাকচারিং বা মেকানিক্যাল অ্যান্ড অটোমোবাইল বা ইনস্ট্রুমেন্টেশন

এরপর আটের পাতায়

## মাদ্রাসায় ১৭২৯

### সহকারী শিক্ষক-সহ বিভিন্ন পদে চাকরি

**নিজস্ব প্রতিনিধি:** মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ১,৭২৯ জন সহকারী শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। এছাড়া ৭২৮ জন গ্রন্থাগারিকও নিয়োগ করা হবে রাজ্যে। এই নিয়োগের ব্যাপারে জেলা প্রশাসনগুলিতে একটি করে কমিটি গড়া হবে সরকারের তরফে। উপরোক্ত পদগুলি ছাড়াও পুরুলিয়া ও বাঁকুড়ার একলব্য মডেল স্কুলে বিভিন্ন পদে ৭৪ জনকে নিয়োগ করা হবে খুব শীঘ্রই।

নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে কর্মক্ষেত্র-য় তা জানানো হবে। আগ্রহী প্রার্থীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: https://wbmsc.com

## এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেসে ৩২৫

### দিল্লিতে ওয়াক-ইন-ইন্টারভিউ ৩১ মার্চ ও ১১ এপ্রিল

৩২৫ জন এয়ারক্রাফট টেকনিশিয়ান নেবে এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস। নিয়োগ করা হবে বিভিন্ন ট্রেডে। প্রাথমিক ভাবে পাঁচ বছরের চুক্তিতে নিয়োগ হবে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ আরও পাঁচ বছর বাড়ানো হতে পারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে, দিল্লিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIESL/NR/HR.

শিক্ষাগত যোগ্যতা: এয়ারক্রাফট টেকনিশিয়ান (মেইন্টেন্যান্স/ ওভারহল): ডিরেক্টোরেট জেনারেল অব কমার্শিয়াল অ্যাভিয়েশন কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ মেকানিক্যাল শাখায় এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিংয়ের দুই বা তিন বছর মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ। অথবা মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ মেকানিক্যাল বা এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। পাশাপাশি, এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ট্রেডে অন্তত ১ বছর মেয়াদের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে বা ওভারহল শপ বা এয়ারক্রাফট মেইন্টেন্যান্স-সংক্রান্ত কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

এয়ারক্রাফট টেকনিশিয়ান-অ্যাভিওনিক্স (ইলেক্ট্রিক্যাল/ইনস্ট্রু-

এরপর আটের পাতায়

## হরিসিংহ গৌর বিশ্ববিদ্যালয়ে

### অ্যাসোসিয়েট প্রফেসর

বিভিন্ন বিষয়ে ৯৩ জন অ্যাসোসিয়েট প্রফেসর নেবে মধ্যপ্রদেশের সাগরের ডঃ হরিসিংহ গৌর বিশ্ববিদ্যালয়। এটি একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/DoFA/Assoc. Proffessor/2023/2416.

নিয়োগ করা হবে এই সমস্ত বিষয়ে: কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম, ফাইন আর্টস অ্যান্ড পারফর্মিং আর্টস, মিউজিক, অ্যানশিয়েন্ট ইন্ডিয়ান হিস্ট্রি, কালচার অ্যান্ড আর্কিওলজি, ইকনমিক্স, হিস্ট্রি, ফিলোজফি, সাইকোলজি, পলিটিক্যাল সায়েন্স অ্যান্ড পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, সোশিওলজি, ইংলিশ অ্যান্ড আদার ইউরোপিয়ান ল্যাঙ্গুয়েজেস, হিন্দি, লিঙ্গুইস্টিক্স, সংস্কৃত, উর্দু অ্যান্ড পার্সিয়ান, অ্যানথ্রপলজি, ক্রিমিনোলজি অ্যান্ড ফরেন্সিক সায়েন্স, জেনারেল অ্যান্ড অ্যাপ্লায়েড জিওগ্রাফি, অ্যাপ্লায়েড জিওলজি, ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস, বটানি, মাইক্রোবায়োলজি, জুলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশন, ম্যাথমেটিক্স অ্যান্ড স্ট্যাটিস্টিক্স, ফিজিক্স, কমার্স, বিজনেস ম্যানেজমেন্ট, ল, যোগিক সায়েন্সেস, অ্যাডাল্ট এডুকেশন,

এরপর চারের পাতায়

## সি এস আই আর নেট পরীক্ষা জুনে

ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনের অধীন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে বিজ্ঞান শাখায় লেকচারারশিপ এবং জুনিয়র রিসার্চ ফেলোশিপের যোগ্যতামান নির্ধারণের জন্য প্রার্থী বাছাই পরীক্ষা 'নেট' নিচ্ছে কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ (সি এস আই আর) এবং ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন (ইউ জি সি), যৌথভাবে। জাতীয় স্তরের এই পরীক্ষাটির আয়োজক ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ)। ডিসেম্বর, ২০২২ এবং জুন, ২০২৩— দু'টি পরীক্ষা একত্রে নেওয়া হবে। পরীক্ষার তারিখ: ৬, ৭ ও ৮ জুন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

পরীক্ষা নেওয়া হবে এই সব বিষয়ে: কেমিক্যাল সায়েন্সেস (সাবজেক্ট কোড ৭০১), আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটরি সায়েন্সেস (সাবজেক্ট কোড ৭০২), লাইফ সায়েন্সেস (সাবজেক্ট কোড ৭০৩), ম্যাথমেটিক্যাল সায়েন্সেস (সাবজেক্ট কোড ৭০৪), ফিজিক্যাল সায়েন্সেস (সাবজেক্ট কোড ৭০৫)।

শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল সায়েন্স, লাইফ সায়েন্স, ম্যাথমেটিক্যাল সায়েন্স, ফিজিক্যাল সায়েন্স, আর্থ সায়েন্সের মাস্টার্স ডিগ্রিধারীরা এবং বি এস (৪ বছরের), বি ই, বি টেক, বি ফার্মা, এম বি বি এস, ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা সমতুল ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে থাকলে অথবা ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে

এরপর দুয়ের পাতায়

## ইন্ডিগোয় সোশ্যাল মিডিয়ার পেশাদার


সোশ্যাল মিডিয়া এক্সিকিউটিভ নেবে বিমান পরিবহণ সংস্থা ইন্ডিগো। নিয়োগ হবে গুরুগ্রামে সংস্থার সদর দপ্তরে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। ক্রেতা পরিষেবা- ক্ষেত্রে সামাজিক মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে দক্ষতা থাকতে হবে। অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এই নিয়োগের জব আই ডি: ২৬৬৯২।

সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে, বিভিন্ন বিভাগ থেকে তথ্য ও

এরপর আটের পাতায়

## মাধ্যমিকের পর চাকরির উপযোগী কারিগরি শিক্ষা

**মাধ্যমিকের পর প্রথাগত শিক্ষার পথে না হেঁটে পড়তে পারেন টুল এন্ড ডাই মেকিং অথবা মেকট্রনিক্সের ডিপ্লোমা কোর্স। পড়াচ্ছে সরকারি সংস্থা কলকাতার এম এস এম ই টুল রুম। মেয়েরাও আবেদন করতে পারেন। এপ্রিলে ভর্তির ফর্ম দেওয়া হবে। তফসিলিদের কোর্স করার জন্য কোনও খরচ লাগবে না। ছেলেদের ও মেয়েদের জন্য পৃথক হোস্টেলের ব্যবস্থাও আছে।**



**নিজস্ব প্রতিনিধি:** মাধ্যমিকের পর যাঁরা সাধারণ শাখা বা জেনারেল স্ট্রিমে পড়াশোনা না করে কারিগরি শিক্ষার পথ বেছে নিতে চান, তাঁরা পড়তে পারেন ডিপ্লোমা ইন টুল এন্ড ডাই মেকিং অথবা ডিপ্লোমা ইন মেকট্রনিক্স। এই দু'টি ডিপ্লোমা কোর্সই অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন (এ আই সি টি ই) দ্বারা স্বীকৃত।

### কোথায় পড়বেন

কোর্স দু'টি পড়ানো হয় ভারত সরকারের মাইক্রো স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজের উদ্যোগে গঠিত কলকাতার

এরপর ছয়ের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন






SCHUMANN | CRISTOFANO | Viviana | FRISBEE | Catwalk

AVAILABLE AT TRENDS FOOTWEAR AJIO.com TRENDS

**WEST BENGAL: KOLKATA** | Axis Mall • Banerjee Ghat Road • Diamond City Mall • Hargunj Bazar • Star Mall • Madhyamgram • Shambazar • **MALBAZAR** | Malbazar City • **ALIPURDUAR** | Jargaon
**ASANSOL** | Galaxy Mall • **BAHARAMPORE** | Khagra Bazaar • **BALURGHAT** | Coochbehar, Main Market • **DARJEELING** | Rink Mall • **DURGAPUR** | Junction Mall
**JALPAIGUDI** • **KHARAGPUR** | Malancha Road • **SILIGURI** | Sevoke Road | **OPENING SHORTLY: UTTARPARA** | Unimark Rivera, G. T. Road, Bhadrakli | **BARRACKPORE:** Sahid Mangal Pandey Sarani



croma | A TATA Enterprise
গরম হবে উধাও।
এসে গেছে
croma
Magical SUMMER
সারা ভারত জুড়ে 325+ স্টোর
এখনই আপনার নিকটতম স্টোর খুঁজে পাওয়ার জন্য স্ক্যান করুন
croma.com | stores | TATA NEU
আপগ্রেড করুন
350+ এয়ার কন্ডিশনার
সর্বাধুনিক কুলার শুরু হচ্ছে ₹3,990
রেফ্রিজারেটর-এর উপরে 18 মাস পর্যন্ত ইএমআই
অফার সমূহ 31শে মার্চ 2023 তারিখ পর্যন্ত বৈধ | শর্তাবলী প্রযোজ্য

**BCC&I** along with **Chowman Hospitality Limited & GNIHM, JIS Group** is coming up with a unique initiative for the very first time.



BCC&I
THE BENGAL CHAMBER

GNIHM JIS GROUP    chowman

# আহারে সেকাল-একাল

RADIO PARTNER
91.9 friends fm

**13TH MARCH 2023**   **4:30PM ONWARDS**   **CHAPTER 2, SOUTHERN AVENUE**

**Followed by month long celebration from**

**14TH MARCH TO 12TH APRIL 2023**

**Participatory Heritage Food Joints:**
India Restaurant, Royal Indian Restaurant, Shiraz Golden Restaurant, Nizam's, Aminia, Eau Chew, Chung Wah, Tarun Niketan Hotel, Siddheshwari Ashram, Swadhin Bharat Hindu Hotel, Dilkhusha Cabin, Basanta Cabin, Allen's Kitchen, K C Das, Bhim Chandra Nag, Girish Ch. Dey & Nakur Ch. Nandy, Nalin Chandra Das & Sons, Putiram, Sen Mahashay, Sri Krishno, Indian Coffee House, Radhu Babur Chaa Er Dokan, Tolly Club, Calcutta Rowing Club, Chitta Babu, Karco Heritage, Amber, Trincas, Olypub, Moulin Rouge.

**Ideators**



**Mr Debaditya Chaudhury**
Chairman, Organising Committee of Aharer Sekal Ekal & Managing Director - Chowman Hospitality Limited, Oudh 1590 and Chapter -2.



**Mr Simarpreet Singh**
Director, JIS Group
Chairperson, Youth Impact Committee & Co-Chairperson, Education Committee, BCC&I



**Mr G M Kapur**
Chairperson
The Heritage Committee
BCC&I & State Convener - INTACH

